বিষয়টি অতীব জরুরী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
১৩নং শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
মৎস্য ভবন, রমনা, ঢাকা-১০০০
www.fisheries.gov.bd

পত্র নং-৩৩.০২.০০০০.১০২.১০.০১৭.৯৮(২য় খন্ড)- ১৬০ তারিখঃ ১৩/০২/২০১৭ খ্রি.

বিষয়ঃ **দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে দুর্নীতি এবং অন্যান্য সুনির্দিষ্ট এবং অপরাধের অনুসন্ধান ও তদন্ত পরিচালনার জন্য দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান কর্তৃক প্রেরিত ডি. ও পত্র অনসুরণ এবং দুর্নীতি দমন কমিশনের বার্ষিক প্রতিবেদন ২০১৫ এর ৬৮-৭১ নম্বর পৃষ্ঠায় বর্ণিত সুপারিশসমূহ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণের লক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরনীর উপর ব্যবস্থা প্রসঙ্গে।**

সূত্র: ১। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ১১/০১/২০১৭ খ্রি. তারিখের ৩৩.০০.০০০০.১০৮.৯৯.০০২.১৬-৫৬ সংখ্যক স্মারক।
২। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ৩০/০১/২০১৭ খ্রি. তারিখের ৩৩.০০.০০০০.১০৮.৯৯.০০২.১৬-১১৬ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান এবং মন্ত্রিপরিষদ সচিব কর্তৃক স্বাক্ষরিত ডি. ও পত্রের ছায়ালিপি এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের গত ২২/০১/২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত দুর্নীতি দমন কমিশনের বার্ষিক প্রতিবেদন ২০১৫ এর ৬৮-৭১ নম্বর পৃষ্ঠায় বর্ণিত সুপারিশসমূহ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণের বিষয়ে পর্যালোচনা সভার কার্যবিবরনীর পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য পত্রের অনুলিপি নিদের্শক্রমে এতদসংঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে -০৬ (ছয়) পাতা)।

(পরিমল চন্দ্র দাস)
উপপরিচালক (প্রশাসন)
ফোন-০২-৯৫৬৯৩৫৫
ই-মেইল: ddadmin@fisheries.gov.bd

বিতরণ: (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/ ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ/ চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/ রাজশাহী বিভাগ, রাজশাহী/ খুলনা বিভাগ, খুলনা/ বরিশাল বিভাগ, বরিশাল/ সিলেট বিভাগ, সিলেট/ রংপুর বিভাগ, রংপুর/ মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, ঢাকা/ মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, খুলনা/ মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, চট্টগ্রাম/ অধ্যক্ষ, মৎস্য প্রশিক্ষণ ইনস্টিটিউট, চাঁদপুর।

২. উপপরিচালক (প্রশাসন)/ (মৎস্যচাষ)/ (অর্থ ও পরিকল্পনা)/ (চিংড়ি), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

৩. জাতীয় প্রকল্প পরিচালক/ প্রকল্প পরিচালক,.....।

৪. প্রকল্প পরিচালক (অতিরিক্ত পরিচালক),.....।

৫. জেলা মৎস্য কর্মকর্তা, (সকল) .....।

৬. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা। ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।

৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

৮. সংশ্লিষ্ট নথি।

YOusuf-7

একান্ত শাখা, মহাপরিচালকের দপ্তর
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.০৮.৯৯.০০২.১৬.৫৬

তারিখঃ ২৭ পৌষ ১৪২৩
১১ জানুয়ারি ২০১৭

বিষয় ঃ দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে দুর্নীতি এবং অন্যান্য সুনির্দিষ্ট এবং অপরাধের অনুসন্ধান ও তদন্ত পরিচালনার জন্য দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান কর্তৃক প্রেরিত ডি. ও পত্র অসুসরণ সংক্রান্ত।

সূত্র ঃ মন্ত্রিপরিষদ বিভাগের ডি ও নম্বর:- ০৪.০০.০০০০.৫২১.৩৫.০৬২.১৫-৯১৫, তারিখঃ ২৮ ডিসেম্বর ২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত ডি. ও পত্রের ছায়ালিপি এবং এতৎসংগে সংযুক্ত দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত ডি. ও পত্রের ছায়ালিপি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতৎসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ০২ (দুই) পাতা।

১১/০১/২০১৭
(মোঃ আব্দুর রাশেদ খান)
উপসচিব
ফোন ঃ ৯৫৭৬৬৯৬
ই-মেইল ঃ dsmofla@gmail.com

বিতরণ (কার্যার্থে) ঃ

১। চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ২৪-২৫ দিলকুশা, মতিঝিল, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্মসচিব (সকল)/যুগ্ম-প্রধান, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৫। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
৬। মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৭। মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৮। উপ-পরিচালক (উপসচিব), মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৯। অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম।
১০। রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

F:\2014 Folder\Cab Division\Letters..doc

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
ই-মেইল: cab_secy@cabinet.gov.bd

-১৬৫

ডি ও নম্বর: ০৪.০০.০০০০.৫২১.৩৫.০৬২.১৫-৯১৫

তারিখ: ১৪ পৌষ ১৪২৩
২৮ ডিসেম্বর ২০১৬

প্রিয় সহকর্মী,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে দুর্নীতি একটি সামাজিক ব্যাধি এবং জাতীয় উন্নয়ন ও অগ্রগতির অন্যতম প্রতিবন্ধক। ফলশ্রুতিতে দেশীয় ও বৈদেশিক বিনিয়োগ কাঙ্খিত পর্যায়ে এখনও পৌঁছেনি। বিভিন্ন প্রতিষ্ঠানের গবেষণায় দেখা গিয়েছে যে দুর্নীতি রোধ করতে পারলে দেশের জিডিপি প্রতিবছরে প্রায় ২% বৃদ্ধি করা সম্ভব। এ কারণে বর্তমান সরকার দুর্নীতি দমনে বদ্ধপরিকর। "রূপকল্প ২০২১" বাস্তবায়ন এবং ২০৪১ সনের মধ্যে বাংলাদেশকে উন্নত দেশের পর্যায়ে উন্নীতকরণের লক্ষ্যে সরকার ইতোমধ্যে বিশেষ কর্মসূচি ও নীতি গ্রহণ করেছে।

০২। আপনি আরও অবহিত রয়েছেন যে দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে দুর্নীতি এবং অন্যান্য সুনির্দিষ্ট অপরাধের অনুসন্ধান ও তদন্ত পরিচালনার জন্য দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ প্রণীত হয়েছে। এজন্য দুর্নীতি দমন কমিশন দুর্নীতি দমনের লক্ষ্যে অনুসন্ধান ও তদন্ত কার্যক্রম পরিচালনাসহ দুর্নীতি প্রতিরোধমূলক বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে। তা ছাড়া, সুখী-সমৃদ্ধ সোনার বাংলা গড়ার প্রত্যয়ে রাষ্ট্র ও সমাজের প্রতিটি অঙ্গে দুর্নীতি দমন, সুশাসন ও শুদ্ধাচার প্রতিষ্ঠার লক্ষ্যে ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল গৃহীত হয়েছে।

০৩। আপনি আরও অবগত আছেন যে রাষ্ট্রীয় পর্যায়ে সরকারি ক্রয় প্রক্রিয়া, জনবল নিয়োগ, প্রকল্প গ্রহণ ও প্রকল্প বাস্তবায়নের কোন কোন ক্ষেত্রে দুর্নীতির প্রকোপ থাকতে পারে। এ সকল ক্ষেত্রে দুর্নীতি প্রতিরোধে প্রো-এ্যাকটিভ মনিটরিং গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এজন্য সরকারি ক্রয়-প্রক্রিয়া, জনবল নিয়োগ, প্রকল্প গ্রহণ ও প্রকল্প বাস্তবায়নে প্রো-এ্যাকটিভ মনিটরিং-এর ব্যবস্থা গ্রহণে আপনার সুদৃষ্টি কামনা করছি। এ ছাড়া, আপনার আওতাধীন দপ্তরসমূহের দুর্নীতির ধূসর এলাকাসমূহ (Gray Area) (যদি থাকে) শনাক্তকরণপূর্বক সেগুলো দুর্নীতি দমন কর্মসূচির আওতাভুক্তকরণে আপনার ব্যক্তিগত উদ্যোগ প্রত্যাশা করছি।

০৪। দুর্নীতি দমনে মন্ত্রণালয়/বিভাগের যে কোন পদক্ষেপে সহযোগিতা করতে দুর্নীতি দমন কমিশন প্রস্তুত রয়েছে। দুর্নীতি দমন কমিশন ও মন্ত্রণালয়/বিভাগের যৌথ প্রয়াসে দুর্নীতির মূলোৎপাটিত হবে বলে আমি বিশ্বাস করি। এই প্রসঙ্গে দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান কর্তৃক মন্ত্রিপরিষদ সচিবকে লিখিত আধা-সরকারি পত্রের চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে এক পাতা।

শ্রদ্ধাসহ,

আন্তরিকভাবে আপনার,

২৮.১২.১৬
(মোহাম্মদ শফিউল আলম)

জনাব মাকসুদুল হাসান খান
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
সচিবের দপ্তর
ডাইরী নংঃ ২১৭৫ তারিখঃ ২৯.১২.১৬

অতিরিক্ত সচিব (প্রাণি / মৎস / বাজেট)	অধিশাখার ব্যবস্থা নিন
যুগ্মসচিব (প্রাঃ সঃ-১ / প্রাঃ সঃ-২)	প্রয়োজনীয় ব্যবস্থা নিন
যুগ্মসচিব(বামউক ও মেফিএ)/যুগ্মপ্রধান	উপস্থাপন করুন
উপসচিব(.....)/উপপ্রধান	আলোচনা করুন
সচিবের একান্ত সচিব	মন্তব্য / মতামত দিন

স্বাক্ষর

A/O
০১/০১/২০১৭

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব (পেশকার, এনএফপি)
ডাইরী নং- ২৬৭৭ তারিখঃ ০১/০১/২০১

যুগ্ম-সচিব / যুগ্ম-প্রধান	
উপ-সচিব (প্রশাসন)/উপ-প্রধান	

১/১/১৭

দুর্নীতি দমন কমিশন

দু দ ক

ইকবাল মাহমুদ
চেয়ারম্যান
দুর্নীতি দমন কমিশন

অতিরিক্ত সচিব (জেমাপ্র)
অতিরিক্ত সচিব (কমিটি)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও বিধি)
অতিরিক্ত সচিব (মসরি)
ব্যক্তিগত সচিব
ডাইরী নং :
তারিখ :
মন্ত্রিপরিষদ সচিব

যুগ্মসচিব (জেমাপ্র)
উপসচিব (জেম্যা)
উপসচিব (মাপ্রশৃ)
উপসচিব (মাপ্রসংস্থা)
উপসচিব (মাপ্রসংযোগ)
সিঃসঃসচিব (মাপ্রসমন্বয়)
সিঃসঃসচিব (জেম্যানি)
ব্যক্তিগত কর্মকর্তা
ডায়েরি নং- ১৬৭
তারিখ: ২০/১১/১৬
অতিরিক্ত সচিব (জেমাপ্র)

ডি.ও নং- ৭৮/২০১৬

তারিখ: ৩১ অক্টোবর ২০১৬ খ্রি:

প্রিয় শফিউল আলম,

আপনি অবগত আছেন যে, দুর্নীতি দমন কমিশন (দুদক) দুর্নীতি দমনের লক্ষ্যে অনুসন্ধান ও তদন্ত কার্যক্রম পরিচালনাসহ দুর্নীতি প্রতিরোধমূলক বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে।

সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থাসমূহ তাদের দৈনন্দিন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার মধ্য দিয়ে দুর্নীতি প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। দুর্নীতির বিরুদ্ধে মন্ত্রণালয়ের কার্যকর ভূমিকা প্রশংসাযোগ্য।

এটি প্রতিষ্ঠিত সত্য যে, জাতীয় উন্নয়ন ও অগ্রগতির অন্যতম প্রধান অন্তরায় হচ্ছে দুর্নীতি। বিভিন্ন প্রতিষ্ঠানের গবেষণা প্রতিবেদনে দেখা যায় যে, দুর্নীতি রোধ করা সম্ভব হলে প্রতিবছর দেশের জিডিপি প্রায় ২% বৃদ্ধি পাবে। তাছাড়া দুর্নীতি রোধ করা গেলে বৈদেশিক বিনিয়োগ ও কর্মসংস্থান গতিশীলতা পাবে। কাজেই অর্থনৈতিক উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টি নিশ্চিত করা এবং দারিদ্র্য দূরীকরণ ও আয় বৈষম্য কমিয়ে আনার লক্ষ্যে কমিশনের দুর্নীতি বিরোধী উদ্যোগের পাশাপাশি দুর্নীতির বিরুদ্ধে মন্ত্রণালয়ের চলমান ভূমিকা আরো বৃদ্ধি করা আবশ্যক।

দুর্নীতি প্রতিরোধে সরকারি প্রতিষ্ঠানসমূহের যেকোন উদ্যোগকে দুদক স্বাগত জানায়। সরকারি ক্রয় প্রক্রিয়া, জনবল নিয়োগ, প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়নের ক্ষেত্রে দুর্নীতি প্রতিরোধে প্রো-এ্যাকটিভ মনিটরিং যথেষ্ট গুরুত্ব বহন করে। বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক প্রো-এ্যাকটিভ মনিটরিং এর অনুরোধ পত্র প্রেরণ করা হলে সেক্ষেত্রে দুদক সহযোগিতা করতে একান্তভাবে আগ্রহী।

উপর্যুক্ত ক্ষেত্রগুলো ছাড়াও দুর্নীতির ধূসর এলাকাসমূহের (Gray area) বিষয়ে ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থাসমূহকে সর্বোতভাবে সহযোগিতার হাত সম্প্রসারণে দুর্নীতি দমন কমিশন প্রতিশ্রুতিবদ্ধ।

এ বিষয়ে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগকে অবহিত করতে আপনার সুদৃষ্টি কামনা করছি।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার,

(ইকবাল মাহমুদ)

জনাব মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মন্ত্রিপরিষদ বিভাগ
জেলা ম্যাজিস্ট্রেসী নীতি শাখা
ডাইরী নং ৭৪৬
তারিখ ২৯/১১/১৬

দুর্নীতি দমন কমিশন, ১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০, ফোন: +৮৮ ০২ ৮৩৩৩৩৫০, ফ্যাক্স: +৮৮ ০২ ৮৩৩৩৩৫৪
Web : acc.org.bd, ই-মেইল : chairman@acc.org.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mofl.gov.bd

পত্র নং-৩৩.০০.০০০০.১০৮.৯৯.০০২.১৬.১১৬

তারিখঃ ১৭ মাঘ ১৪২৩
৩০ জানুয়ারি ২০১৭

বিষয়ঃ দুর্নীতি দমন কমিশনের বার্ষিক প্রতিবেদন ২০১৫-এর ৬৮-৭১ নম্বর পৃষ্ঠায় বর্ণিত সুপারিশসমূহ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণের বিষয়ে পর্যালোচনা সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ২২/০১/২০১৭ খ্রিঃ তারিখে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ০৪ (চার) পাতা।

(মোঃ শফিকুল ইসলাম)
উপসচিব
ফোনঃ ৯৫৭৬৬৯৬
ই-মেইলঃ dsmofla@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৩। যুগ্মসচিব (সকল)/যুগ্ম-প্রধান, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৪। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, রমনা, ঢাকা।
৫। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
৬। মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৭। মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৮। উপপরিচালক (উপসচিব), মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৯। উপসচিব (প্রশাসন-৩ অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
১০। অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, মৎস্য বন্দর, চট্টগ্রাম।
১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
১২। রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, কাজী আলাউদ্দীন রোড, ঢাকা।

অনুলিপিঃ

১। সিনিয়র সহকারী সচিব, জেলা ম্যাজিস্ট্রেসি নীতি শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা।
৩। অফিস কপি।

F:\2014 Folder\Cab Division\Letter-15..doc

-১৪৩-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা

দুর্নীতি দমন কমিশনের বার্ষিক প্রতিবেদন ২০১৫-এর ৬৮-৭১ নম্বর পৃষ্ঠায় বর্ণিত সুপারিশসমূহ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণের বিষয়ে পর্যালোচনা সভার কার্যবিবরণী ঃ

সভাপতি	ঃ	মোঃ মাকসুদুল হাসান খান সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
তারিখ	ঃ	২২/০১/২০১৭ খ্রিঃ
সময়	ঃ	সকাল ১০.৩০ ঘটিকা
স্থান	ঃ	এ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫১০-৫১২, ভবন নং-৬), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-'ক' তে সংযুক্ত আছে।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভার শুরুতে দুর্নীতি দমন কমিশনের বার্ষিক প্রতিবেদন ২০১৫-এর ৬৮-৭১ নম্বর পৃষ্ঠায় বর্ণিত সুপারিশসমূহের উপর উপস্থিত সকল সদস্যের মতামত আহবান করেন। অতিরিক্ত সচিব (মৎস্য) সুপারিশমালার ক. সরকারি সেবা, খ. সরকারি নিয়োগ, গ. সরকারি ক্রয় কার্যাদি, ঘ. সরকারি নির্মাণ/মেরামত/সংস্কার, ঙ, কার্যপদ্ধতি সংস্কার/System Improvement ও বিবিধ বিষয়ের উপর মতামত ব্যক্ত করেন। সভায় উপস্থিত সদস্যগণ পর্যায়ক্রমে যুগ্মসচিব(ব্লু ইকোনমি), চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা, মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, উপ-পরিচালক (উপসচিব), মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের প্রতিনিধি ও রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল তাঁদের মতামত উপস্থাপন করেন।

২। দুর্নীতি দমন কমিশনের বার্ষিক প্রতিবেদন ২০১৫-এর ৬৮-৭১ নম্বর পৃষ্ঠায় বর্ণিত সুপারিশমালার ক. সরকারি সেবার সমস্যা সমাধানকল্পে উল্লিখিত ১, ২, ৩, ৪, ৫, ৬, ১০ ও ১১ এবং খ. সরকারি নিয়োগ, গ. সরকারি ক্রয় কার্যাদি, ঘ. সরকারি নির্মাণ/মেরামত/সংস্কার, ঙ, কার্যপদ্ধতি সংস্কার/System Improvement ও বিবিধ বিষয়ে বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(১) দুর্নীতি দমন কমিশনের বার্ষিক প্রতিবেদন ২০১৫-এর ৬৮-৭১ নম্বর পৃষ্ঠায় বর্ণিত সুপারিশসমূহের এ মন্ত্রণালয় সংক্রান্ত বিষয়গুলো যথাযথভাবে অনুসরণ ও পর্যবেক্ষণের সিদ্ধান্ত গৃহীত হয়;

(২) এ মন্ত্রণালয় হতে বিভিন্ন অধিদপ্তর/সংস্থা সংশ্লিষ্ট বিভিন্ন অভিযোগের বিষয়ে তদন্ত/অনুসন্ধান করা হয়ে থাকে-যার অনুলিপি সচিব মহোদয়ের একান্ত সচিবকে প্রদান করা হয়। এ সকল অভিযোগের তালিকা মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য প্রশাসন-৩ অধিশাখার উপসচিব এর নিকট সচিব মহোদয়ের একান্ত সচিব প্রেরণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়;

(৩) মন্ত্রণালয় ও এর অধীন সকল দপ্তরের মূল প্রবেশ গেইটে বা দৃশ্যমান স্থানে সংশ্লিষ্ট দপ্তরের দুর্নীতি বিষয়ক অভিযোগ/মতামত গ্রহণের নিমিত্ত অভিযোগ বক্স বা স্থাপনাসহ হটলাইন, ই-মেইল এড্রেস চালুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়;

(৪) দুর্নীতি দমন কমিশন কর্তৃক আয়োজিত দুর্নীতি দমন ও প্রতিরোধ বিষয়ক বিধি-বিধান সংক্রান্ত প্রশিক্ষণে এ মন্ত্রণালয় ও আওতাধীন বিভিন্ন অধিদপ্তর/সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়;

-২৮২

(৫) জবাবদিহিতা ও স্বচ্ছতা বৃদ্ধির জন্য মৎস্য অধিদপ্তর ও প্রাণিসম্পদ অধিদপ্তরের উদ্যোগে মাসে একদিন জেলা পর্যায়ে গণশুনানি আয়োজনের এবং সংশ্লিষ্ট জেলা অফিস স্থানীয় সংবাদপত্রে তা প্রচারের ব্যবস্থাও করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়;

(৬) মন্ত্রণালয়ের তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারী নিয়োগে মৌখিক পরীক্ষার জন্য নিয়োগ বিধিতে ১০ নম্বর নির্ধারিত থাকায় এ মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর, দপ্তর, সংস্থা ও কর্পোরেশনে নিয়োগের ক্ষেত্রে এই সভার কার্যপত্র জারি হওয়ার পর থেকে মৌখিক পরীক্ষার জন্য ১০ নম্বর নির্ধারনের উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়;

(৭) সরকারি ক্রয় কার্যাদির শতভাগ 'ই-টেন্ডারিং' এর আওতায় আনয়নের উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ মন্ত্রণালয় সংক্রান্ত সরকারি ক্রয় কার্যাদি পর্যবেক্ষণের জন্য অতিরিক্ত সচিব(প্রশাসন)-কে সভাপতি এবং মৎস্য অনুবিভাগ, প্রাণিসম্পদ অনুবিভাগ এর একজন করে কর্মকর্তা ও যুগ্ম-প্রধান-কে সদস্য করে একটি মনিটরিং কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়;

(৮) জনগণের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এ মন্ত্রণালয়ের অধীন মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের তথ্য নির্দেশিকা তথ্য দপ্তরের মাধ্যমে সকল উপজেলা ও ইউনিয়ন পরিষদে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। সভায় আলোচনার জন্য আর কোন বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মাকসুদুল হাসান খান)
সচিব